অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/3/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটের মানসিক স্বাস্থ্য সেবার ধারাবাহিকতা ঢেলে সাজানোর জন্য 1 বিলিয়ন মার্কিন ডলারের পরিকল্পনা পাশ করানোর ঘোষণা দিলেন

2024 অর্থবছরের বাজেট ইনপেশেন্ট মনস্তাত্ত্বিক চিকিৎসার ধারণক্ষমতা বৃদ্ধি করবে, আউটপেশেন্ট সেবা নাটকীয়ভাবে সম্প্রসারিত করবে এবং বীমার আওতা উন্নত করবে

রূপান্তরকারী পরিকল্পনাটি 1970 দশকের ডিইনস্টিটিউশনালাইজেশন যুগের পর থেকে সার্বিক মানসিক স্বাস্থ্য সেবায় সর্ববৃহৎ স্টেট বিনিয়োগের প্রতিনিধি

গভর্নর ক্যাথি হোকল আজকে মানসিক স্বাস্থ্য সেবার ধারাবাহিকতা ঢেলে সাজানোর এবং পুরো স্টেটজুড়ে মানসিক স্বাস্থ্য চাহিদা পূরণ হচ্ছে না এমন ব্যক্তির সংখ্যা নাটকীয়ভাবে কমিয়ে আনার জন্য তার সার্বিক 1 বিলিয়ন মার্কিন ডলারের বহু বছরের পরিকল্পনা ঘোষণা করলেন। 2024 অর্থবছরের বাজেটের অংশ হিসেবে পরিকল্পনাটি মানসিক স্বাস্থ্য চিকিৎসা পাওয়ার সুযোগকে নাটকীয়ভাবে সম্প্রসারিত করা, অপেক্ষার সময় হ্রাস করা এবং মানসিক স্বাস্থ্য সমস্যায় ভুগতে থাকা মানুষের জন্য যথাযথ মাত্রার চিকিৎসা নিশ্চিত করার মাধ্যমে দীর্ঘদিনের স্বল্প বিনিয়োগে ভুগতে থাকা একটি মানসিক স্বাস্থ্য সেবা ব্যবস্থাকে সংশোধন করবে। বাজেটটি নতুন আবাসিক ইউনিট, ইনপেশেন্ট ধারণক্ষমতা বৃদ্ধি, এবং আউটপেশেন্ট সেবা নাটকীয়ভাবে সম্প্রসারিত করার তহবিল প্রদান করবে। পাশাপাশি, পিয়ারভিত্তিক আউটরিচের জন্য, স্কুলভিত্তিক মানসিক স্বাস্থ্য সেবা সম্প্রসারণের জন্য, এবং আচরণগত স্বাস্থ্য সেবার বীমা আওতার শূন্যস্থান পূরণের জন্য বিনিয়োগ থাকবে।

"অনেক দশকের দীর্ঘস্থায়ী প্রয়োজনের তুলনায় স্বল্প বিনিয়োগের কারণে অনেক নিউ ইয়র্কবাসী আমাদের স্টেটের মানসিক স্বাস্থ্য সেবা ব্যবস্থার শূন্যস্থান দিয়ে বাদ পড়ে গেছে," **গভর্নর হোকল বলেন।** "আমাদের স্টেটের মানসিক স্বাস্থ্যসেবার ধারাবাহিকটি ঠিক করার পরিকল্পনাটি আমাদের পন্থায় একটি যুগান্তকারী পরিবর্তন নিয়ে আসে, আমাদের ব্যবস্থার অনেক বছরের অবহেলাকে পাল্টে দেয় এবং আমাদের স্টেটের সকলের যাতে তাদের প্রাপ্য উচ্চমানের চিকিৎসা পাওয়ার সুযোগ থাকে তা নিশ্চিত করতে সাহসী বিনিয়োগ করে। সকল নিউ ইয়র্কবাসীর মানসিক স্বাস্থ্য চাহিদাকে অগ্রাধিকার করার মাধ্যমে আজকে আমরা আমাদের স্টেটের একটি নতুন যুগের সূচনা করলাম।"

3,500 নতুন আবাসিক ইউনিট তৈরি ও পরিচালনার জন্য বাজেটটি 890 মিলিয়ন মার্কিন ডলার মূলধন এবং 120 মিলিয়ন মার্কিন ডলার পরিচালনা তহবিল প্রদান করে। অতিরিক্ত ইউনিটের মধ্যে রয়েছে: এই ইউনিটগুলির মধ্যে থাকবে 500টি সম্প্রদায়ভিত্তিক একক কক্ষের থাকার ইউনিট, যেখানে মানসিকভাবে মারাত্মক অসুস্থ গৃহহীনতার সর্বোচ্চ ঝুঁকিতে থাকা ব্যক্তিদের জন্য আবাসন ও নিবিড় সেবা থাকবে; 900টি ক্রান্তিকালীন স্টেপডাউন ইউনিট; মাধ্যমিক মাত্রার সেবার প্রয়োজন থাকা ব্যক্তিদের জন্য 600টি লাইসেন্স করা অ্যাপার্টমেন্ট ইউনিট; 1,500 সমর্থক আবাসন ইউনিট অর্থায়িত হবে, যেগুলি মানসিকভাবে মারাত্মক অসুস্থ ব্যক্তি যাদের চাহিদা অত তীব্র নয় কিন্তু যাদের সম্প্রদায়ে বাস করতে সমর্থন প্রয়োজন হয়। এছাড়াও রয়েছে ইনপেশেন্ট চিকিৎসা থেকে স্থানান্তরিত হওয়া, পূর্বে গৃহহীন থাকা ব্যক্তিদের জন্য নিউ ইয়র্ক সিটিতে 60টি সম্প্রদায়ের স্টেপডাউন আবাসন ইউনিটের জন্য 25 মিলিয়ন মার্কিন ডলার ক্যাপিটাল এবং 7.3 মিলিয়ন মার্কিন ডলার পরিচালনা তহবিল।

বাজেটটি ইনপেশেন্ট মনস্তাত্ত্বিক শয্যা সংখ্যা বৃদ্ধি করার জন্য 18 মিলিয়ন মার্কিন ডলার ক্যাপিটাল এবং 30 মিলিয়ন মার্কিন ডলার পরিচালনা তহবিল প্রদান করবে, যেখানে থাকবে স্টেট পরিচালিত মনস্তাত্ত্বিক হাসপাতালগুলিতে 150টি নতুন প্রাপ্তবয়স্কদের শয্যা নিয়ে আসা, যা হবে কয়েক দশকের মধ্যে এই ফ্যাসিলিটিগুলিতে হওয়া সর্ববৃহৎ সম্প্রসারণ। পাশাপাশি, বাজেটটি স্টেটের মানসিক স্বাস্থ্য অফিসকে (State Office of Mental Health, OMH) অনুমতি দিবে যে তারা আর্টিকেল 28 সম্প্রদায়ের হাসপাতালগুলিকে তাদের পরিচালনা প্রত্যয়নে উল্লিখিত মনস্তাত্ত্বিক শয্যার সংখ্যা মেনে না চললে শাস্তি প্রদান করতে পারবে, যা কোভিড-19 মহামারী চলাকালীন যে সকল শয্যা অফলাইন করা হয়েছিলো তা অবিলম্বে পুনঃস্থাপন করা নিশ্চিত করতে গভর্নরের প্রতিশ্রুতি প্রদর্শন করে।

আউটপেশেন্ট সেবা সম্প্রসারিত করার জন্য বাজেট 60 মিলিয়ন মার্কিন ডলার ক্যাপিটাল এবং 121.6 মিলিয়ন মার্কিন ডলার পরিচালনা তহবিলে বিনিয়োগ করবে, যা হাসপাতাল মাত্রার সঙ্কটকালীন চিকিৎসা প্রদানকারী 12টি নতুন সার্বিক মনস্তাত্ত্বিক জরুরি কর্মসূচি স্থাপন করবে এবং স্টেটের অর্থায়িত প্রত্যয়িত সম্প্রদায়ের আচরণগত স্বাস্থ্য ক্লিনিকের (Certified Community Behavioral Health Clinics) সংখ্যা তিনগুণ করে 13 থেকে 39 করা, যারা সকল বয়স ও বীমা দশার নিউ ইয়র্কবাসীদের জন্য ওয়াক-ইন, তাৎক্ষণিক সমন্বিত মানসিক স্বাস্থ্য ও মাদক ব্যবহার ব্যাধির সেবা প্রদান করবে।

এছাড়াও এই তহবিল 42টি বাড়তি অ্যাসার্টিভ কমিউনিটি চিকিৎসা (Assertive Community Treatment, ACT) দল তৈরি যারা সবথেকে ঝুঁকিগ্রস্ত নিউ ইয়র্কবাসীদেরকে অস্থাবর, উচ্চ তীব্রতার সেবাদান করবে এবং আটটি নিরাপদ বিকল্প সমর্থন (Safe Options Support, SOS) দল তৈরি, যার পাঁচটি নতুন দল থাকবে নিউ ইয়র্ক সিটিতে এবং তিনটি স্টেটের বাকি অংশে, যারা মানসিক অসুস্থতা ও মাদক ব্যবহার ব্যাধিসহ গৃহহীন জনগোষ্ঠীর জন্য আউটরিচ ও সংযোগ প্রদান করবে। সর্বাপেক্ষা দুঃস্থ নিউ ইয়র্কবাসীদের সেবাদান করে এমন 20টি আর্টিক্যাল 31 মানসিক স্বাস্থ্য ক্লিনিকের ধারণক্ষমতা সম্প্রসারিত করা হবে।

হাসপাতাল ও জরুরি কক্ষ থেকে ডিসচার্জ হওয়া শিশু ও প্রাপ্তবয়স্কসহ ক্রান্তিকালীন চাহিদা থাকা ব্যক্তিদের আবাসন থেকে শুরু করে চাকরির সমর্থন পর্যন্ত র‍্যাপঅ্যরাউন্ড সেবা প্রদান করার

জন্য 50টি নতুন সঙ্কটকালীন সময়ের হস্তক্ষেপ সমন্বয় (Critical Time Intervention, CTI) দল গঠন করতে সাহায্যের জন্য 28 মিলিয়ন মার্কিন ডলারের একটি বিনিয়োগ করা হবে। এই বিনিয়োগটি হাসপাতালগুলির জন্য দায়িত্বশীলভাবে চিকিৎসার প্রয়োজন থাকা রোগীদের ভর্তি করানোর নতুন আবশ্যিকতার সফলতা নিশ্চিত করবে, যার মধ্যে রয়েছে মূল্যায়নের জন্য নতুন সার্বিক আদর্শ ও নতুন প্রটোকল কার্যকরভাবে ব্যবহার করা নিশ্চিত করতে স্টেট পর্যায়ে বর্ধিত তত্ত্বাবধান।

2.8 মিলিয়ন মার্কিন ডলারের একটি বিনিয়োগ মানসিকভাবে মারাত্মক অসুস্থ প্রাপ্তবয়স্কদের জন্য পিয়ারভিত্তিক আউটরিচ ও জড়িতকরণ প্রদান করার জন্য নিবিড় ও টেকসই জড়িত করার চিকিৎসা (Intensive and Sustained Engagement Treatment) কর্মসূচিকে সম্প্রসারিত করবে। মানসিকভাবে অসুস্থ প্রাপ্তবয়স্কদের জন্য সমর্থিত চাকরির এই প্রমাণভিত্তিক আদর্শের ব্যবহার যাতে মানসিক স্বাস্থ্য অফিস (Office of Mental Health, OMH) সম্প্রসারিত করতে পারে তা নিশ্চিত করার জন্য ব্যক্তিগত অবস্থানে স্থাপন এবং সমর্থন (Individual Placement and Supports) কর্মসূচিতে অতিরিক্ত 3.3 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করা হবে।

বাজেটটি স্টেটব্যাপী স্কুল বয়সী শিক্ষার্থীদের জন্য মানসিক সেবা সম্প্রসারণ করার জন্য 30 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করে, যার মধ্যে রয়েছে স্কুল ভিত্তিক মানসিক স্বাস্থ্য সেবার জন্য 20 মিলিয়ন মার্কিন ডলার এবং র‍্যাপঅ্যারাউন্ড সেবার প্রশিক্ষণ বাস্তবায়ন করতে 10 মিলিয়ন মার্কিন ডলার রয়েছে। পাশাপাশি, বাজেটে উচ্চ ঝুঁকির তারুণ্যের জন্য আত্মহত্যা প্রতিরোধ কর্মসূচি জোরদার করতে 10 মিলিয়ন মার্কিন ডলার রয়েছে।

পাশাপাশি, বাজেটটি পিতামাতা ও তাদের সন্তানদের জন্য পরিবারের প্রতিরোধমূলক মানসিক স্বাস্থ্য সেবার ব্যয়পূরণের জন্য দুই বছরের বেশি সময়ে 18 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ দিয়েছে; এবং ক্ষতিকর শৈশবের অভিজ্ঞতার স্ক্রিনিং প্রদানকারীদের ব্যয়পূরণের জন্য দুই বছরের বেশি সময়ে 24 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ দিয়েছে।এছাড়াও 2024 অর্থবছরের বাজেট 2023 অর্থবছরের বাজেটের বিনিয়োগসমূহকে অগ্রসর করে, যার মধ্যে রয়েছে হেলদিস্টেপস এবং শিশুদের প্রাথমিক বিকাশ ও শিশু ও কিশোরের চিকিৎসার প্রসারে বাসাভিত্তিক সঙ্কট হস্তক্ষেপ কর্মসূচিসমূহের জন্য 12 মিলিয়ন মার্কিন ডলার; এবং খাবারের অভ্যাস সংক্রান্ত ব্যাধিতে আক্রান্ত ব্যক্তিদের চিকিৎসা জোরদার করতে 3.1 মিলিয়ন মার্কিন ডলার।

এছাড়াও বাজেটটি 988 আত্মহত্যা ও সঙ্কটকালীন লাইফলাইনের (988 Suicide and Crisis Lifeline) সমর্থনে অতিরিক্ত 60 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করবে, যা বিগত বাজেটের তুলনায় 25 মিলিয়ন মার্কিন ডলার বেশি। কর্মীবাহিনীকে সমর্থন করার জন্য বাজেটে 4 শতাংশ জীবনযাপনের ব্যয় সামঞ্জস্য (cost of living adjustment, COLA) রয়েছে এবং মানসিক স্বাস্থ্য অফিসের সম্প্রদায়ের মানসিক স্বাস্থ্য ঋণ পুনরায় পরিশোধ কর্মসূচির (Community Mental Health Loan Repayment Program) জন্য 5 মিলিয়ন মার্কিন ডলার রয়েছে, যা লাইসেন্সধারী মানসিক স্বাস্থ্য পেশাদারদের অন্তর্ভুক্ত করার জন্য কর্মসূচির যোগ্যতা সম্প্রসারণ করে।

অতি গুরুত্বপূর্ণ তহবিল প্রদানের পাশাপাশি, বাজেট বীমার আওতার শূন্যস্থানও পূরণ করে যা মানসিক স্বাস্থ্য সেবা ও মাদক ব্যবহার ব্যাধি সেবার প্রয়োজন থাকা নিউ ইয়র্কবাসীদের জন্য

প্রতিবন্ধকতা সৃষ্টি করে রেখেছে। বাজেটে যে পরিবর্তনের রূপরেখা রয়েছে তার অধীনে, বাণিজ্যিক বীমা পরিকল্পনাসমূহকে অবশ্যই আচরণগত স্বাস্থ্য সেবার জন্য নেটওয়ার্ক পর্যাপ্ততার আদর্শ মান গ্রহণ করতে হবে; জীবন রক্ষাকারী মোবাইল সঙ্কট, সঙ্কটে হস্তক্ষেপ, এবং ডিসচার্জ পরবর্তী সেবা, স্কুল ভিত্তিক মানসিক স্বাস্থ্য ক্লিনিকে প্রদত্ত সেবা, এবং জীবন রক্ষাকারী আসক্তি ওষুধ ও চিকিৎসা এবং ওভার দ্য কাউন্টার ওভারডোজ বিপরীত করার ওষুধকে আওতাধীন করতে হবে; এবং ব্যবহারের পর্যালোচনার আদর্শ মেনে চলতে হবে যা একটি নেটওয়ার্কের অধীনস্থ ইনপেশেন্ট হাসপাতাল বা সঙ্কট আবাসনে প্রাপ্তবয়স্কদের চিকিৎসার প্রথম 30 দিনের জন্য প্রাকঅনুমোদন বা সমবর্তী পর্যালোচনা নিষিদ্ধ করে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন